# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 04 July, 2025

শ্রীলঙ্কার বিপক্ষে তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় ওয়ানডেকে সামনে রেখে কলম্বোতে শুক্রবার (৪ জুলাই) অনুশীলন করেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল।তবে অনুশীলনে দেখা যায়নি মিডল অর্ডারে ব্যর্থতার শিকার হওয়া উইকেটকিপার ব্যাটার লিটন দাসকে।তার অনুপস্থিতির কারণ জানা যায়নি।

সিরিজের প্রথম ওয়ানডেতে ব্যাট হাতে ব্যর্থ হন লিটন। গুরুত্বপূর্ণ মুহূর্তে মিডল অর্ডারের ভাঙনের অন্যতম অংশীদার ছিলেন তিনি। তাই আজকের অনুপস্থিতি ঘিরে কিছুটা কৌতূহল তৈরি হয়েছে।

অন্যদিকে স্বস্তির খবর, অসুস্থতার কারণে প্রথম ম্যাচে মাঠে না নামা লেগ স্পিনার রিশাদ হোসেন এদিন অনুশীলনে ফিরেছেন। দ্বিতীয় ওয়ানডের আগে তিনি পুরোপুরি সুস্থ বলে জানা গেছে।ফলে আগামীকাল তার একাদশে ফেরার সম্ভাবনা জোরালো।

আগামীকাল শনিবার সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে বাংলাদেশ সময় বিকেল ৩টায় কলম্বোতে মুখোমুখি হবে বাংলাদেশ ও শ্রীলঙ্কা।প্রথম ম্যাচ জিতে সিরিজে ১-০ তে এগিয়ে আছে স্বাগতিকরা।সিরিজে টিকে থাকতে হলে এই ম্যাচে জয়ের কোনো বিকল্প নেই টাইগারদের সামনে।

অন্যদিকে শ্রীলঙ্কা জয় পেলে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ নিশ্চিত করবে।

লিটন দাস রিশাদ হোসেন শ্রীলঙ্কা ক্রিকেট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:49

URL: https://timestodaybd.com/public/sports/5080604167